গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
Website: www.sbgcp.edu.bd
অফিস: ০১৩০৯-১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর-১৩৯/২০২৬ তারিখ: ১৬/১১/২০২৬ খ্রি.

এ কলেজের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, পাবনা-ঢাকা-পাবনা রুটে 'পাবনা প্রভাতী এক্সপ্রেস' ট্রেনের শুভ উদ্বোধন উপলক্ষ্যে আগামী ১৯ নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার, বিকাল ৪:০০ ঘটিকায় পাবনা রেলওয়ে স্টেশনে এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

পাবনার যোগাযোগব্যবস্থা ও আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রে এ ট্রেনের যাত্রা একটি ঐতিহাসিক মাইলফলক হিসেবে বিবেচিত হবে। দীর্ঘদিনের প্রত্যাশার বাস্তবায়নের মধ্য দিয়ে পাবনাবাসী একটি গৌরবোজ্জ্বল মুহূর্তের সাক্ষী হতে যাচ্ছে। নিঃসন্দেহে এটি পাবনাবাসীর জন্য অত্যন্ত আনন্দ, গর্ব ও গৌরবের বিষয়।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়সহ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, জনপ্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণি-পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

এমন একটি ঐতিহাসিক ও স্মরণীয় মুহূর্তের অংশীদার হতে শহীদ বুলবুল সরকারি কলেজের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীকে উক্ত অনুষ্ঠানে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য বিশেষভাবে আহ্বান জানানো যাচ্ছে।

সকলের স্বতঃস্ফূর্ত ও আন্তরিক অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত, উৎসবমুখর ও সফল হয়ে উঠবে বলে আমরা আশাবাদী।

Buddin ১৬/১১/২৬

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি নং- ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।